

সিঁমু নাসের

সাংবাদিক এবং স্যাটায়া রিস্ট

বাংলাদেশের শীর্ষস্থানীয় পত্রিকা প্রথমআলো এবং রস-আলোর সম্পাদক হিসেবে কাজ করছেন। ২০১৫ সালে প্রতিষ্ঠা করেন অনলাইন স্যাটারার প্ল্যাটফর্ম earki.com। বর্তমানে তিনি eআরকি ডট কম এর চিফ এডিটর হিসেবে দায়িত্ব পালন করছেন।

মানুষের সাথে কমিউনিকেট করার জন্য কীভাবে কনটেন্ট স্ট্রাটেজাইজ করা হয়

➤ সরাসরি বলে দেয়া

➤ প্যারোডি করা

➤ অন্য ঘটনাকে সংযুক্ত করা

কনটেন্ট ব্র্যান্ডের কীভাবে একটি ধরন বা সিগনেচার স্টাইল তৈরি করা যায়

দীর্ঘদিন কনটেন্ট নিয়ে কাজ করতে করতে প্রত্যেক ব্র্যান্ডের একটি সিগনেচার স্টাইল তৈরি হয়ে যায়।

মূলত কনটেন্ট ব্র্যান্ডের সর্বসর্বা থাকেন লেখক। একজন লেখক কীভাবে চিন্তা করছেন তার উপর নির্ভর করে সেই ব্র্যান্ডের কনটেন্ট স্টাইল।

এছাড়া কালার এবং কনটেন্ট প্রকাশের সময় সবকিছুই একটি কনটেন্ট ব্র্যান্ডের জন্য গুরুত্ব বহন করে।

হিউমার তৈরির স্ট্রাটেজি

পৃথিবীতে দুই ধরনের জিনিস রয়েছে- একটি হলো- সহজাত প্রতিভা, অন্যটি হলো- পরিশ্রম করে বিষয়টিকে একটি কাঠামোর মধ্যে নিয়ে আসা। আমরা বেশিরভাগ ক্ষেত্রেই কোন মানুষের ভাল পারফরম্যান্স দেখে তার প্রতিভার প্রশংসা করি কিন্তু আমরা কখনোই এটা বিচার করি না যে সেই কাজটি সেইভাবে করার জন্য বা একটি কাজকে সর্বোচ্চ ভালভাবে করার দক্ষতা অর্জনের জন্য যে পরিশ্রম সেই মানুষটি করে থাকেন। বর্তমানে ইন্টারনেটের কল্যাণে সারা পৃথিবীর কোথায় কি হিউমার হচ্ছে তা ঘরে বসেই দেখে নেয়া সম্ভব। আর হিউমারগুলো লক্ষ্য করলেই দেখা যাবে যে এটার পেছনে প্রচুর রিসার্চ রয়েছে। রিসার্চের বেশিরভাগই হচ্ছে মানুষের সাইকোলজি নিয়ে, কীভাবে মানুষের আচরণ কাজ করে তা নিয়ে। বারবার টেস্ট করে দেখতে হয় কোন হিউমার ভাল কাজ করছে নির্দিষ্ট একটি পরিস্থিতিতে। আবার কোন হিউমার ভাল কাজ করছে না। একইসাথে লেখকদের ক্রমাগত চর্চা করে যেতে হবে দ্রুত আইডিয়া জেনারেশনের জন্য। সর্বদা জীবনকে স্বচ্ছভাবে দেখা প্রয়োজন একইসাথে কীভাবে মারামরি ঝগড়া না করে কথা দিয়ে কীভাবে একটি সমস্যার সুন্দর সমাধান করা যায় তা নিয়ে কেউ চর্চা করলে স্ট্রাটেজাইজ ভাবে হিউমার তৈরি করা সম্ভব।



হিউমার কনটেন্ট ক্রিয়েট করার জন্য কী কী প্রয়োজন

প্রচুর দেখতে হবে, ইন্টারনেট ঘাঁটতে হবে, অনেকগুলো সাইট আছে যেগুলো চমৎকার হিউমার তৈরি করে (যেমন: আনিয়ান' নামের একটি সাইট, নাইন গ্যাগ, বাজফিড ইত্যাদি)

স্ট্যান্ড আপ কমেডিয়ানদের ফলো করতে হবে এটা দেখার জন্য যে একটি ছোট্ট ঘটনাকে কিভাবে হিউমারে রূপান্তরিত করা হয়

স্টোরি তৈরি করা এবং স্টোরি ভালভাবে লিখে উপস্থাপন করার দক্ষতা অর্জন করতে হবে।

স্ক্রিপ্ট বা কমেডির পাল্লুলিপি তৈরি করার দক্ষতা অর্জন করতে হবে।

দৈনন্দিন ঘটনাগুলোকে কমেডিতে রূপান্তর করার দক্ষতা অর্জন করতে হবে।